গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থার সমন্বয়ে ০১/০৩/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব কে এম আলী রেজা
যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত প্রকল্প) ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির সভাপতি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ০১ মার্চ ২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মর্তাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্খিত সেবা সহজে পায় সে জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। অতঃপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্তসমূহ:**

(ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মোবাইল এবং ই-মেইল নম্বরসহ সেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক দপ্তর/সংস্থার হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি স্ব-স্ব ওয়েবসাইটে নির্ধারিত বক্সে আপলোড করে Screenshot সহ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করণের লক্ষ্যে সকল শাখা/অধিশাখার নাগরিক, দাপ্তরিক এবং অভ্যন্তরীণ সেবার তথ্যাদি সংশোধন, সংযোজন, বিয়োজন থাকলে তা উল্লেখ্যপূর্বক আগামী ০৬/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রশাসন-০১ শাখায় প্রেরণ করতে হবে।

(গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতিতে একাধিক সেবা একীভূত করে একই নামে অন্তর্ভুক্ত না করা।

(ঘ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রাপ্তির নিমিত্ত যেসকল ক্ষেত্রে আবেদন প্রয়োজন সে সকল ক্ষেত্রে আবেদন ফরমের লিংক যুক্ত করতে হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রয়োজনীয় তথ্য/উপাত্ত থাকা প্রয়োজন তা সুস্পষ্টভাবে উল্লেখ করা এবং চাহিত কাগজপত্রের ধরণ (যেমন: সত্যায়িত/ ফটোকপি/কপির সংখ্যা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে (কপি সংযুক্ত)।

চলমান পাতা-০২

(চ) মন্ত্রণালয়ের ন্যায় আওতাধীন দপ্তর/সংস্থাও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা অনুসারে কার্যক্রম পরিচালনা করবে।

০৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০১/০৩/২০২৩
(কে এম আলী রেজা)
যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত)
ও
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল
পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির
সভাপতি
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০৫৭.২২. ৫৮/১

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯ / ০১ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৯. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
১২. উপসচিব (বাজেট ও এপিএ সংক্রান্ত ফোকাল পয়েন্ট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

০১/০৩/২০২৩
(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫০৫
ই-মেইল: sas.admin1@moysports.gov.bd